

উত্তরপত্র/ লেকচার -৩ (১৩.৭.২০)

ক) এক বাক্যে উত্তর লেখ।

১. বুলবুলি কোন পাখির মত চঞ্চল?

উত্তর: বুলবুলি চড়ুই পাখির মত চঞ্চল।

২. বুলবুলি কেমন স্বভাবের পাখি?

উত্তর: বুলবুলি চঞ্চল স্বভাবের পাখি।

৩. বুলবুলি পাখির মাথার উপর কী থাকে?

উত্তর: বুলবুলি পাখির মাথার উপর রাজকীয় ঝুঁটি থাকে।

৪. কোন পাখি দ্রুত উড়তে পারে?

উত্তর: বুলবুলি পাখি দ্রুত উড়তে পারে।

৫. পানকৌড়ি পাখির কার সঙ্গে সখ্যতা থাকে?

উত্তর: পানকৌড়ি পাখির পানির সঙ্গে সখ্যতা থাকে।

৬. পানকৌড়ি কোথায় বিচরণ করে?

উত্তর: পানকৌড়ি পুকুর, খাল, বিলে বিচরণ করে।

৭. পানকৌড়ি পাখির প্রধান বৈশিষ্ট্য কী?

উত্তর: পানকৌড়ি পাখির প্রধান বৈশিষ্ট্য হলো- এরা পানিতে ডুব দিয়ে ৩ মিটার পর্যন্ত সাঁতারাতে পারে।

৮. পানকৌড়ি সাঁতার কেটে কতদূর যেতে পারে?

উত্তর: পানকৌড়ি সাঁতার কেটে ৩ মিটার পর্যন্ত যেতে পারে।

৯. পানকৌড়ি পাখির পা কে কিসের সঙ্গে তুলনা করা হয়েছে?

উত্তর: পানকৌড়ি পাখির পা কে হাঁসের পায়ের সঙ্গে তুলনা করা হয়েছে।

১০. পানকৌড়ি কী খেতে ভালোবাসে?

উত্তর: পানকৌড়ি জলজ কীটপতঙ্গ খেতে ভালোবাসে।

১১. পাখির কার বন্ধু?

উত্তর: পাখির মানুষের বন্ধু।

১২. পাখিদের প্রতি আমাদের কী করা উচিত?

উত্তর: পাখিদের প্রতি আমাদের ভালোবাসা রাখা উচিত।

১৩. পানকৌড়ি পাখির গায়ের রং কী এবং ঠোঁট কেমন?

উত্তর: পানকৌড়ি পাখির গায়ের রং কুচকুচে কালো এবং ঠোঁট তীক্ষ্ণ আর বাঁকানো।

খ) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লেখ।

১. গল্পটির উল্লেখযোগ্য ১০টি পাখির নাম লেখ।

উত্তর: শিক্ষার্থীরা নিজেরা লিখবে।

২. আমাদের দেশের প্রকৃতিক সৌন্দর্য বৃদ্ধিতে পাখিদের ভূমিকা লেখ।

উত্তর: পাখিরা পরিবেশেরই একটা অংশ এবং আমাদের দেশের প্রকৃতিক সৌন্দর্য বৃদ্ধিতে পাখিদের ভূমিকা অপরিসীম। পাখিদের নিজেদের সৌন্দর্যের কারণে যেমন প্রাকৃতিক সৌন্দর্য বৃদ্ধি পায় তেমনি পরিবেশের জন্য ক্ষতিকর পোকামাকড় এবং ময়লা আবর্জনা খেয়েও পাখিরা পরিবেশ সুন্দর রাখে।

গ) সঠিক শব্দ বসিয়ে নিচের শূন্যস্থানগুলো পূরণ কর।

১. চড়াইয়ের মতো _____ চঞ্চল _____ আরেকটি পাখি বুলবুলি।
২. বুলবুলির মাথার উপর _____ রাজকীয় _____ কালো ঝুঁটি।
৩. বুলবুলির তলপেট _____ সাদা _____ রং এর।
৪. বুলবুলি খুব _____ দ্রুত উড়তে _____ পারে।
৫. পানকৌড়ি পাখি ডুব দিয়ে _____ ৩মিটার _____ পর্যন্ত সাঁতরাতে পারে।
৬. পানকৌড়ির পায়ের পাতা _____ হাঁসের মতো _____।
৭. পানকৌড়ির ঠোঁট _____ তীক্ষ্ণ _____ আর _____ বাঁকানো।
৮. পুকুর, খাল, বিল পানকৌড়ির _____ বিচরণক্ষেত্র _____।
৯. _____ পাখি _____ অনেক উপকারী।
১০. বুলবুলির _____ মাথা _____ ও _____ গলা _____ কালো।
১১. পাখি _____ পরিবেশ _____ সুন্দর রাখে।
১২. _____ ভোর _____ হলেই পাখি ডেকে ওঠে।
১৩. পাখিদের _____ ভোরের দূত _____ বলা হয়।
১৪. পাখিরা দল বেঁধে _____ আকাশে _____ উড়ে বেড়ায়।
১৫. দোয়েল আমাদের _____ জাতীয় _____ পাখি।
১৬. চড়াই পাখি _____ লোকালয়ে _____ থাকতেই বেশি পছন্দ করে।
১৭. _____ চড়াই _____ পাখিরা কীটপতঙ্গ খেয়ে ফসলের শত্রু নাশ করে।
১৮. টুনটুনি পাখি _____ চমৎকার _____ বাসা বানায়।